



প্রশ়্নপত্র ফাঁস, প্রভাষক গ্রেফতার

প্রকাশিত: ২৫ - মার্চ, ২০১৮ ১২:০০ এ. এম.

সংবাদদাতা বদরগঞ্জ, রংপুর। বদরগঞ্জে উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইচ্ছিকার প্রশ়্নপত্র ফাঁস করার অভিযোগে আবু তাহের নামে (৪২) এক প্রভাষককে গ্রেফতার করেছে পুলিশ। এ ঘটনায় ওইদিন রাতেই বদরগঞ্জ ডিগ্রী কলেজের অধ্যক্ষ মুঃ মাজেদ আলী খান বাদী হয়ে বদরগঞ্জ থানায় মামলা দায়ের করেছেন। ঘটনাটি ঘটেছে শুক্রবার বিকেলে বদরগঞ্জ ডিগ্রী কলেজে।

শনিবার মামলা সূত্রে জানা গেছে, উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের অধীনে বদরগঞ্জ ডিগ্রী কলেজে ইচ্ছিক পরীক্ষা চলছে। শুক্রবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত পৌরনীতি ১ম পত্র এবং দুপুর ২টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ২য় পত্র পরীক্ষা চলছিল। ওইদিন দুপুর ১২টায় প্রশ়্নপত্র ফাঁসের গোপন সংবাদ পেয়ে বদরগঞ্জ ডিগ্রী কলেজে আসেন উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রংপুরের আঞ্চলিক পরিচালক ড. মোঃ আজিজুল হক। তিনি কলেজ কেন্দ্রের সমষ্টিকারী প্রভাষক ফরিদুল ইসলামের কাছে পৌরনীতির ২য় পত্রের

দেখতে চান। এ সময় পরীক্ষা কেন্দ্রের সমষ্টিকারী প্রশ়্নপত্রের আংশিক খোলা প্যাকেট তাকে দেন। তিনি (আঞ্চলিক পরিচালক) প্রশ়্নপত্র গণনা করে দেখতে পান ১০০ প্রশ্নের স্থলে ৯০টি। এ সময় প্রশ্ন ফাঁসের অভিযোগে সেখান থেকে তাৎক্ষণিক ওই কলেজের গণিত বিষয়ের প্রভাষক আবু তাহেরকে পুলিশ আটক করে। পরীক্ষা কেন্দ্রের সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার মোঃ রাশেদুল হক বলেন, কেন্দ্র সচিবসহ পরীক্ষায় দায়িত্বরতদের অব্যাহতি ও ওই কলেজে পরীক্ষা কেন্দ্র বাতিল করা হবে। বদরগঞ্জ থানার ওসি আখতারজামান প্রধান বলেন, এজাহারভুক্ত আসামি প্রভাষক আবু তাহেরকে গ্রেফতার করে কারাগারে পাঠানো হয়েছে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক প্লোব জনকর্তৃ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে প্লোব প্রিন্টার্স লি: ও জনকর্তৃ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্তৃ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইক্ষ্যাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: www.dailyjanakantha.com এবং www.edailyjanakantha.com || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By
Bikiran.Com